

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়  
লেজিসলেটিভ সাপোর্ট উইং  
আইন প্রণয়ন শাখা-১  
www.parliament.gov.bd

বুধবার ১৬ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ২৯ এপ্রিল ২০২৬  
সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর

(ক) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য প্রশ্ন

(প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর পর্বের প্রথম ৩০ মিনিট মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উত্তরদানের জন্য নির্ধারিত)

(খ) মাননীয় মন্ত্রীগণের জন্য নির্ধারিত প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর

(পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর

গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব কলিম উদ্দিন আহমেদ (সুনামগঞ্জ-৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত “সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ-দোয়ারা বাজার উপজেলা সড়কে বন্যায় বিধ্বস্ত হওয়া দুইটি ব্রিজ নির্মাণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব মোঃ আবুল হাসনাত (কুমিল্লা-৪), মাননীয় সদস্য কর্তৃক আনীত “কুমিল্লা-সিলেট মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্পের স্থবিরতা দূরীকরণ এবং বর্তমান জরাজীর্ণ দশার কারণে সৃষ্ট জনদুর্ভোগ নিরসন” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব এম. রুহুল কুদ্দুস তালুকদার দুলা (নাটোর-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত “নাটোর এন এস সরকারি কলেজ থেকে বেলঘরিয়া বাইপাস পর্যন্ত ফ্লাইওভার নির্মাণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

উপস্থাপনীয় কাগজপত্র

১। জনাব ইকবাল হাসান মাহমুদ, মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ২০(২) ধারার বিধান মোতাবেক “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী ও আর্থিক বিবরণী” উপস্থাপন করিবেন।

২। জনাব ইকবাল হাসান মাহমুদ, মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ২১ ধারার বিধান মোতাবেক “বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন” উপস্থাপন করিবেন।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,  
১৫ বৈশাখ ১৪৩৩  
২৮ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া  
সচিব।

